



জরুরি

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।
www.kgdcl.gov.bd

নম্বর: ২৮.১৫.০০০০.২০৪.১৮.১৫৬.২৩.৭৫২

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০

১১ জুন ২০২৩

অফিস আদেশ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনার আলোকে অফিস আদেশ সূত্র নং: ২৮.১৫.০০০০.২০৪.১৮.০৫৮.১৯.১৬৮, তারিখ: ২২.১০.২০১৯ (কপি সংযুক্ত) এর মাধ্যমে কোম্পানি পর্যায়ে গঠিত 'নৈতিকতা কমিটি' নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

ক্রমিক	কর্মকর্তার পদবী	কমিটিতে অবস্থান
১।	মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)	সদস্য
২।	মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)	সদস্য
৩।	মহাব্যবস্থাপক (অপারেশন)	সদস্য
৪।	মহাব্যবস্থাপক (আইটি ও প্রিপেইড মিটারিং ডিভিশন)	সদস্য
৫।	মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন)	সদস্য
৬।	মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর)	সদস্য
৭।	মহাব্যবস্থাপক (ফাইন্যান্স)	সদস্য
৮।	মহাব্যবস্থাপক (হিসাব)	সদস্য
৯।	কোম্পানী সচিব	সদস্য
১০।	মহাব্যবস্থাপক (প্রশাসন)	সদস্য
১১।	উপ-মহাব্যবস্থাপক (জনসংযোগ ও সমন্বয়)	সদস্য-সচিব/ ফোকাল পয়েন্ট
১২।	ব্যবস্থাপক, জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন শাখা, সংস্থাপন ডিপার্টমেন্ট	সদস্য/ বিকল্প কর্মকর্তা

*উপর্যুক্ত হকের অপেক্ষাকৃত জ্যেষ্ঠ কর্মকর্তা কমিটির আহ্বায়কের দায়িত্ব পালন করবেন।

কমিটির কার্যপরিধি (TOR) :

- ১) কোম্পানি পর্যায়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য বিচার-বিশ্লেষণ এবং অন্তরায় চিহ্নিতকরণ ;
- ২) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ;
- ৩) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ ;
- ৪) শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ; এবং
- ৫) প্রতিষ্ঠানে শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন।

কমিটি নিয়মিত সভা অনুষ্ঠান করবে এবং কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনাপূর্বক মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবে। প্রতি বছর ১৫ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের কার্যক্রমের একটি বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন করতঃ ব্যবস্থাপনা পরিচালক বরাবরে দাখিল করবে এবং উক্ত কার্যক্রমের একটি সারাংশ কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা কোম্পানির সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা/সেল, পেট্রোবাংলা ও অন্যান্য সংস্থা/দপ্তরের সাথে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা সংক্রান্ত সার্বিক বিষয়ে যোগাযোগ/তদারকি/সমন্বয় করবেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তার অনুপস্থিতিতে বিকল্প কর্মকর্তা উক্ত দায়িত্ব পালন করবেন।

অত্র আদেশ জারির ফলে এতদসংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সকল অফিস আদেশ সংশোধিত বলে গণ্য হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্ত: অফিস আদেশ (২২.১০.২০১৯)।



১১-৬-২০২৩

(মোঃ মোজাহার আলী)

মহাব্যবস্থাপক (প্রশাসন) [রুটিন দায়িত্ব]

নম্বর: ২৮.১৫.০০০০.২০৪.১৮.১৫৬.২৩.৭৫২/১(৭৪)

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০
১১ জুন ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) উপব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ২) সকল মহাব্যবস্থাপক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৩) সকল উপ-মহাব্যবস্থাপক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৪) উপ-মহাব্যবস্থাপক, জনসংযোগ ও সমন্বয় ডিপার্টমেন্ট, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৫) সকল ব্যবস্থাপক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৬) ব্যবস্থাপক, জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন শাখা, সংস্থাপন ডিপার্টমেন্ট, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড



১১-৬-২০২৩

(মোঃ আজিজুল হক)

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)